العقيدة الصحيحة لإ قامة الدين

দ্বীন কায়েমের সঠিক আকীদা

শাইখ আব্দুল হালীম (রহঃ)

العقيدة الصحيحة لإ قامة الدين
দ্বীন কায়েমের সঠিক আকীদা

শাইখ আব্দুল হালীম (রহঃ)
লিসান্স, মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রথম প্রকাশ ঃ মে ১৯৯৮ ইং

চতুর্থ প্রকাশ ঃ অক্টোবর ২০১৫ ইং

প্রকাশনায়ঃ আদ্-দ্বীন প্রকাশনী

মূল্য ঃ ৩০.০০ (ত্রিশ) টাকা মাত্র

Deen Qayemer Shothik Aqeeda
Written by : Sheikh Abdul Halim (Rh)
Published by : Addin Prokashoni
First Print: May 1998
Forth Print: October 2015
Price : Taka 30.00 Only

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِنَّ الْحَمْدَ لِلّٰهِ نَحْمَدُهٗ وَنَسْتَعِيْنُهٗ وَنَسْتَغْفِرُهٗ وَنَعُوْذُ بِاللّٰهِ مِنْ شُرُوْرِ اَنْفُسِنَا وَمِنْ سَيِّاٰتِ اَعْمَالِنَا مَنْ يَّهْدِهِ اللّٰهُ فَلَا مُضِلَّ لَهٗ ، وَمَنْ يُّضْلِلْ فَلَا هَادِىَ لَهٗ وَأَشْهَدُ اَنْ لَّا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ وَأَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ .

সূচীপত্র

দ্বীন কায়েমের ব্যাপারে কী আকীদা রাখা উচিত?

মানুষ জীবনের লক্ষ্য-উদ্দেশ্যকে স্থির করে তার আকীদা ও বিশ্বাসের উপর। বাস্তব সত্য বলে সে মনের গভীরে যে আকীদা পোষণ করে, তা প্রতিষ্ঠা করার জন্য সব কিছু উজাড় করে দেয়, এমন কি জীবন দিতেও প্রস্তুত হয়। যুগে যুগে নাবী-রসূল ও তাঁদের অনুসারীগণ সঠিক আকীদাকে প্রতিষ্ঠা করার জন্য জানের নজরানা পেশ করেছেন। তদ্রুপ কাফের-মুশরিকরাও তাদের বাতিল আকীদা ও বিশ্বাসের জন্য জীবন দিয়েছে।

আল্লাহর জমীনে আল্লাহর দ্বীন কায়েম করা একটি গুরুত্বপূর্ণ বিষয়, এ ব্যাপারে অন্তরের অন্তস্থলে যদি কোন বিশ্বাস না থাকে, তাহলে দ্বীন প্রতিষ্ঠার জন্য কখনই নিবেদিত হওয়া সম্ভব নয়। যদি কখনও দেখা যায় এতদিন যে আকীদা ও বিশ্বাস পোষণ করে আসছে, তা ভূলে ভরা বাতিল ও ভ্রান্ত, তখনি নেমে আসে চরম হতাশা। তাই দ্বীন প্রতিষ্ঠাকে যারা জীবনের লক্ষ্য হিসেবে বেছে নিয়েছেন, হাজারো ভিড়ের মাঝে তাদেরকে এর সঠিক আকীদা খুঁজে বের করতে হবে।

দ্বীন কায়েমের প্রশ্নে সমাজে বিভিন্ন আকীদার লোক দেখা যায়। কুরআন ও সহীহ হাদীসের আলোকে কোন আকীদাটি নির্ভূল ও সত্য এ সম্পর্কে সন্তোষজনক জবাব পেতে হলে আগে জানা দরকার, বর্তমান সমাজে কী কী আকীদা প্রচলিত রয়েছে। আমাদের জানা মতে দ্বীন কায়েমের ব্যাপারে প্রধানতঃ চার ধরণের আকীদা প্রচলিত রয়েছে।

১। সমাজ সংস্কার। ২। সমাজ বিপ্লব।
৩। গণতান্ত্রিক পদ্ধতি। ৪। গণ-অভ্যুত্থান।

১. সমাজ সংস্কারঃ এ আকীদার ধারক ও বাহকগণ বিশ্বাস করেন যে, দাওয়াত ও তাবলীগের মাধ্যমে সমাজ থেকে কতিপয় শির্ক ও বিদ্আ'ত উৎখাত করে ব্যক্তি সংশোধনের মাধ্যমে কলুষমুক্ত ইসলামী সমাজ গড়ে তোলা সম্ভব। বিধায় তারা রাষ্ট্র ব্যবস্থায় ইসলামী শাসন প্রতিষ্ঠার কোন পদক্ষেপ নেন না, এ জন্য কিতাল বা সশস্ত্র জিহাদ করার প্রয়োজনও মনে করেন না এবং গণতন্ত্র, রাজতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতাবাদ, জাতীয়তাবাদ ইত্যাদি ইসলামদ্রোহী শক্তি নির্মূল করার কথাও বলেন না; বরং এ ধরণের ভ্রান্ত মতাদর্শের লোকদের সমন্বয়ে পরিচালিত জামাআ'তকেই নির্ভেজাল তাওহীদি জামাআ'ত দাবী করে জিহাদ বিমুখ কর্মকান্ডের মাধ্যমে তারা তথাকথিত সমাজ সংস্কারের দায়িত্ব পালন করে থাকেন।

২. সমাজ বিপ্লবঃ এ আকীদায় বিশ্বাসীগণ দাওয়াত ও জিহাদের মাধ্যমে সমাজের পরিবর্তন ঘটাতে চান, কিন্তু তারা সশস্ত্র জিহাদকারীদের সমর্থন করেন না। তাদের মতে "জিহাদের

পদ্ধতি পরিবর্তনশীল এবং অসি যুদ্ধের চেয়ে মসি যুদ্ধ অধিকতর শক্তিশালী”[১] তারা আরো বলেন-“এ যুগে জিহাদের সর্বাপেক্ষা হাতিয়ার হলো তিনটি- কথা, কলম ও সংগঠন।”[২] তাই তারা সশস্ত্র জিহাদকে এ যুগের জন্য উপযোগী মনে করেন না। কিন্তু আল্লাহ তা’আলা সকল যুগের জন্যই সশস্ত্র জিহাদকে ফরজ করেছেন-

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ

অর্থঃ তোমাদের উপর কিতাল (সশস্ত্র জিহাদ) ফরজ করে দেয়া হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়। (সূরা বাকারাহ ২ ঃ ২১৬)

কারো পছন্দ হোক বা না হোক সকল যুগের জন্য সশস্ত্র জিহাদের এ আদেশ জারী থাকবে। এ প্রসঙ্গে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন-

بُعِثْتُ بَيْنَ يَدَيِ السَّاعَةِ بِالسَّيْفِ وَجُعِلَ رِزْقِيْ تَحْتَ ظِلِّ رُمْحِيْ

অর্থঃ আমাকে কিয়ামত পর্যন্ত সকল যুগের জন্য তলোয়ার দিয়ে পাঠানো হয়েছে। আর আমার রিজিক বল্লমের (গণিমতের পন্থায়) ছায়ার নিচে রেখে দেয়া হয়েছে।[৩]

لَا تَزَالُ عِصَابَةٌ مِّنْ أُمَّتِيْ يُقَاتِلُوْنَ عَلَى أَمْرِ اللهِ قَاهِرِيْنَ لِعَدُوِّهِمْ لَا يَضُرُّهُمْ مَنْ خَالَفَهُمْ حَتّٰى تَأْتِيَهُمُ السَّاعَةُ وَهُمْ عَلَى ذَالِكَ

অর্থঃ আল্লাহর আইনকে বাস্তবায়ন করার জন্য আমার উম্মতের মধ্যে একটি ইছাবা (দল) সব সময় কিতাল করে যাবে, তারা তাদের শত্রুদের প্রতি কঠোর হবে, যারা তাদের বিরোধিতা করবে তারা তাদের ক্ষতি করতে পারবে না। তারা কিয়ামত পর্যন্ত এ কাজ চালিয়ে যাবে।[৪]

তথাকথিত সমাজবিপ্লবীগণের আকীদা মতে যদি কেহ প্রচলিত গণতন্ত্র, সমাজতন্ত্র, জাতীয়তাবাদ, ধর্মনিরপেক্ষতাবাদ ইত্যাদি ভ্রান্ত মতাদর্শ গ্রহণ করে এবং ঐসব আদর্শের ভিত্তিতে দেশ শাসন করে, তবুও তাদেরকে রাষ্ট্রীয় ক্ষমতা থেকে উৎখাত করা যাবে না। এই ভ্রান্ত আকীদা ছড়ানোর উদ্দেশ্যে তারা নাবী-রসূলগণের উপর মিথ্যা তোহমত দিয়ে বলেন, “নাবী-রসূলগণ তাদের আমলের প্রতিষ্ঠিত শাসন ক্ষমতাকে উৎখাতের চেষ্টা করেননি।”[৫]

---

[৩]. সহীহ বুখারী, কিতাবুল জিহাদ ৫৬/৮৮ ‘তীর নিক্ষেপ প্রসঙ্গে যা বলা হয়েছে অধ্যায়’। মুসনাদে আহমাদ ৫০৯৪।

[৪]. সহীহ মুসলিম, কিতাবুল ইমারাহ, ইসে. হাঃ ৪৮০৫।

[১,২,৫] টিকাঃ সমাজ বিপ্লবের ধারা (আন্দোলন সিরিজ- ৩) ১৯৯৪ ইং মার্চে প্রকাশিত বই এর ১৪ ও ১৬ পৃষ্ঠা দ্রষ্টব্য।

কিন্তু বাস্তব সত্য এই যে, নাবী-রসূলগণ তাদের যুগের প্রতিষ্ঠিত ত্বাগুতী শাসন ক্ষমতাকে উৎখাতের জন্য আপ্রাণ চেষ্টা করেছেন। কোন কোন নাবী-রসূল ত্বাগুত শাসকদেরকে উৎখাত করে নিজে রাষ্ট্র ক্ষমতায় বসে আল্লাহর বিধান জারী করেছিলেন। আবার কেউ কেউ উৎখাত করতে না পারলেও সঙ্গী-সাথীদের নিয়ে আজীবন সশস্ত্র জিহাদ চালিয়ে গেছেন।

وَكَأَيِّنْ مِنْ نَبِيٍّ قَاتَلَ مَعَهُ رِبِّيُّونَ كَثِيرٌ فَمَا وَهَنُوا لِمَا أَصَابَهُمْ فِي سَبِيلِ اللَّهِ وَمَا ضَعُفُوا وَمَا اسْتَكَانُوا

অর্থঃ আর বহু নাবী ছিলেন যারা সঙ্গী-সাথীদের নিয়ে সশস্ত্র জিহাদ করেছেন। আল্লাহর পথে তাদের উপর যত বিপদই এসেছিল সেজন্য তাঁরা হতাশ হননি, দুর্বলও হননি এবং দমেও যাননি। (সূরা আল ইমরান ৩ ঃ ১৪৬)

অতএব, উপরোক্ত আয়াত থেকে এটাও প্রমাণিত হয় যে, নাবী-রসূলগণ সশস্ত্র জিহাদ করেছেন। কিন্তু কিছু কিছু আলেম ইসলামের শত্রুদের চক্রান্তে বিভ্রান্ত হয়ে নাবী-রসূলগণের আদর্শকে ভুলে গেছেন। তাই তারা জিহাদের জন্য অস্ত্র ব্যবহার বাদ দিয়ে শুধু কাগজ-কলম ব্যবহারের কথা বলছেন এবং মানব রচিত বিধানে রাষ্ট্র পরিচালনাকারীদেরকে ক্ষমতা হতে উৎখাত করার চিন্তা করছেন না। তাই মনের অজান্তেই দুটি কাজকে তারা বেছে নিয়েছেনঃ

১. জিহাদকে অস্ত্র মুক্ত করে কাগজে কলমে রূপান্তরিত করা।
২. ত্বাগুতদেরকে ক্ষমতা থেকে উৎখাত না করার পক্ষপাতিত্ব করা।

প্রকৃতপক্ষে এগুলো কাদিয়ানীদের আকীদা এবং ইসলাম বিধ্বংসী ষড়যন্ত্র। বর্তমানে তাওহীদপন্থী কিছু আলেমও তাদের এই ভ্রান্ত আকীদার অনুসারী হয়েছে। কাদিয়ানীরা যেমন ইংরেজ ও তার দোসরদের বিরুদ্ধে সশস্ত্র জিহাদ না করার ফাতওয়া দিয়েছিল ঠিক তেমনিভাবে এ যুগের আলেমদের মধ্যেও কেউ কেউ মুসলমান নামধারী ত্বাগুত শাসকদের বিরুদ্ধে সশস্ত্র জিহাদ না করার ফাতওয়া দিচ্ছে।

উপরে বর্ণিত সমাজ সংস্কার ও সমাজ বিপ্লব উভয় পদ্ধতির মাঝে দ্বীন ইসলামকে রাষ্ট্রীয়ভাবে কায়েম করার কোন পরিকল্পনা বা কর্মসূচী মোটেও দেখা যায়না। অথচ আল্লাহ তা’আলা নূহ (আঃ) থেকে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পর্যন্ত সকল নাবী-রসূলগণের প্রতি দ্বীন ইসলামকে কায়েম করার নির্দেশ দিয়েছেন-

شَرَعَ لَكُم مِّنَ الدِّينِ مَا وَصَّى بِهِ نُوحًا وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ وَمَا وَصَّيْنَا بِهِ إِبْرَاهِيمَ

وَمُوسَى وَعِيسَى أَنْ أَقِيمُوا الدِّينَ وَلَا تَتَفَرَّقُوا فِيهِ

অর্থঃ তিনি তোমাদের জন্য দ্বীনের ক্ষেত্রে সে পথই নির্ধারণ করেছেন, যার আদেশ দিয়েছিলেন নূহকে, যা আমি প্রত্যাদেশ করেছি আপনার প্রতি এবং যার আদেশ দিয়েছিলাম, ইব্‌রাহীম, মুসা, ঈসা (আঃ) কে এই মর্মে যে, তোমরা দ্বীনকে প্রতিষ্ঠিত কর এবং তাতে অনৈক্য সৃষ্টি করনা। (সূরা শুরা ৪২ ঃ ১৩)

هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَكَفَى بِاللَّهِ شَهِيدًا

অর্থঃ তিনিই প্রেরণ করেছেন তাঁর রসূলকে হেদায়াত ও সত্য দ্বীন সহকারে যাতে একে অন্য সমস্ত দ্বীনের (মতবাদের) উপর জয়যুক্ত করেন। সত্য প্রতিষ্ঠারূপে আল্লাহই যথেষ্ঠ। (সূরা আল ফাতাহ ৪৮ ঃ ২৮)

আল্লাহর প্রত্যেক নাবী-রসূল রাষ্ট্রীয়ভাবে দ্বীন কায়েমের জন্য তাঁদের সময়ের প্রতিষ্ঠিত বাতিল শাসকদের বিরুদ্ধে সশস্ত্র জিহাদ চালিয়ে গেছেন। নাবী-রসূলগণ ত্বাগুতী বিধানে রাষ্ট্র পরিচালনাকারীদেরকে ক্ষমতায় রেখে বা তাদেরকে উৎখাতের চেষ্টা না করে অন্য কোন সংস্কারের দায়িত্ব পালন করেননি। কাজেই নাবী-রসূলগণের পদ্ধতিকে বাদ দিয়ে অন্য কোন পদ্ধতিতে সমাজ সংস্কার বা সমাজ বিপ্লব হতে পারে না।

অতএব সংস্কার করার যদি ইচ্ছাই থাকে তবে প্রথমে রাষ্ট্র হতে ধর্মনিরপেক্ষতাবাদ, জাতীয়তাবাদ, গণতন্ত্র, সমাজতন্ত্র, রাজতন্ত্র ইত্যাদি মতবাদকে উৎখাত করে তদস্থলে আল্লাহর মনোনীত দ্বীন ইসলামকে প্রতিষ্ঠার মাধ্যমে রাষ্ট্র সংস্কার করা উচিত। সুতরাং যারা রাষ্ট্র ক্ষমতায় ইসলামকে প্রতিষ্ঠার উদ্যোগ না নিয়ে শুধু সমাজ সংস্কারের কথা বলে বেড়ান, তারা এক নতুন রাহবানিয়াত পদ্ধতি গ্রহণ করেছেন।

ঈসা (আঃ) এর অন্তর্ধানের পর তাঁর উম্মতের শাসকরা ইঞ্জিলের বিধানাবলী পরিবর্তন করে নিজেদের মনগড়া বিধান চালু করে। এই অবস্থা দেখে কিছু সংখ্যক খাঁটি আলেম ও ন্যায়পরায়ণ ব্যক্তি ধর্মবিমুখ শাসকদের বিরুদ্ধে রুখে দাঁড়ান এবং এই আয়াত পড়ে পড়ে জনগণকে ত্বাগুত শাসকদরে বিরুদ্ধে ক্ষেপিয়ে তুলেন।

وَلْيَحْكُمْ أَهْلُ الْإِنجِيلِ بِمَا أَنزَلَ اللَّهُ فِيهِ وَمَن لَّمْ يَحْكُم بِمَا أَنزَلَ اللَّهُ فَأُولَٰئِكَ هُمُ الْفَاسِقُونَ

অর্থঃ ইঞ্জিলের অনুসারীদের প্রতি নির্দেশ ছিল যে, আল্লাহ তা'আলা তাতে যা অবতীর্ণ করেছে তদানুযায়ী হুকুমত পরিচালনা করা। আর যেসব লোক আল্লাহ তা'আলা যা অবতীর্ণ করেছেন তদানুযায়ী হুকুমত পরিচালনা করে না, তারাই ফাসেক। (সূরা মায়েদাহ ৫ ঃ ৪৭)

খাঁটি আলেমগণ আল্লাহর এ আয়াতের সঠিক ব্যাখ্যা তুলে ধরার ফলে শাসকরা তাঁদের হত্যা করে। আর কিছু সংখ্যক আলেম ভয়ে ভীত হয়ে ত্বাগুতী শাসকের বিরুদ্ধাচারণ না করে রাহবানিয়াত (বৈরাগ্যবাদ) পদ্ধতি অবলম্বন করেন।

এদের একদল শাসকদের উদ্দেশ্যে বলে, "আমরা আপনাদের কোন বিরোধিতা করবনা। আমাদের জন্য সু-উচ্চ মিনার বানিয়ে দিন। সেখানে বসে বসে আল্লাহর ইবাদত করব। খাদ্যের প্রয়োজন হলে নিচে রশি নামিয়ে দেব। আপনারা তাতে খাদ্য বেঁধে দিবেন। আমরা কখনো নিচে এসে আপনাদের শাসন ক্ষমতায় হস্তক্ষেপ করবনা।" আর একদল বলে, "আমরা বনে-জঙ্গলে গিয়ে আল্লাহর ইবাদত করব। আপনাদের শাসন ক্ষমতার ধারে কাছেও আসব না।"

অন্য আরেক দল বলে, "আমরা এদেশেই থাকব, আপনাদের আশে পাশেই চলাফেরা করব এবং শুধু খাদ্যের অনুসন্ধান করব। যেমন পশুরা করে থাকে। আমরা আপনাদেরকে শাসন ক্ষমতা থেকে উৎখাত করে তদস্থলে আল্লাহর আইনকে বাস্তবায়ন করার জন্য জনগণকে উদ্বুদ্ধ করব না; বরং আমরা গৃহপালিত পশুর মত আপনাদের অনুগত হয়ে থাকব।" একথা শুনে শাসকরা তাদেরকে ছেড়ে দেয়। (সূরা আল-হাদিদ ২৭, দেখুন তাফসীরে ইবনে কাসীরে)

অতএব এই ঘটনার পরিপ্রেক্ষিতে আল্লাহ তা'আলা বলেন-

وَرَهْبَانِيَّةً ابْتَدَعُوهَا مَا كَتَبْنَاهَا عَلَيْهِمْ

অর্থঃ আর রাহবানিয়াত (বৈরাগ্যবাদ) সেতো তারা নিজেরাই উদ্ভাবন করেছে, আমি এটা তাদের উপর ফরজ করিনি। (সূরা আল হাদিদ ৫৭ ঃ ২৭)

ঐ সমস্ত রাহেবরা লোকদেরকে শরীয়তের কিছু কিছু বিধান পালনে উদ্বুদ্ধ করত। কিন্তু দ্বীনকে শাসন ক্ষমতায় প্রতিষ্ঠিত করার আয়াতগুলোকে আড়াল করে রাখত। রাহেবদের মতো আজকের আলেমরাও দ্বীনকে শাসন ক্ষমতায় প্রতিষ্ঠিত করার আয়াতগুলোকে আড়াল করে রাখছেন অর্থাৎ সেগুলোকে বাস্তবায়নের জন্য কাউকে উৎসাহ দিচ্ছেন না; বরং দ্বীনের শুধু ঐ কাজগুলোই করার জন্য জনগণকে উৎসাহ দিয়ে যাচ্ছেন, যেগুলো করলে ত্বাগুত সরকারের পক্ষ থেকে কোন বাধার সম্ভাবনা নেই।

কেউ কেউ ধর্ম নিরপেক্ষতাবাদ, জাতীয়তাবাদ ইত্যাদি মতবাদকে পৃথক কোন ধর্ম বলতে চান না। তারা বলেন, "ক্ষমতায় যাওয়ার জন্য এগুলো দলীয় ব্যাপার মাত্র।" প্রকৃতপক্ষে

এসব মতবাদ যদি ইসলাম ধর্মের বিপরীতে কোন আলাদা ধর্মই না হত, তাহলে তাদের রচিত সংবিধান ইসলামী সংবিধান হতে আলাদা কেন এবং মুসলিম নামধারী ঐ সমস্ত পার্টির নেতারা ক্ষমতায় গিয়ে রাষ্ট্রীয়ভাবে আল্লাহর আইন চালু করেনা কেন? আসলে এখানে বিষয়টি স্পষ্ট যে, এই মতবাদগুলো ইসলাম ধর্মের বিপরীতে আলাদা ধর্ম এবং এর সংবিধান হচ্ছে ত্বাগুতী সংবিধান। যেমন আল্লাহর নিকট মনোনীত ধর্ম ইসলাম ও তাঁর সংবিধান হচ্ছে আল কুরআন। আর ঐ সমস্ত পার্টির নেতারা হচ্ছে আল্লাহর আইনের বিরুদ্ধে মানুষের তৈরী করা আইন বাস্তবায়নকারী ত্বাগুত। অতএব শাসন ক্ষমতা হতে ত্বাগুতদেরকে উৎখাত করে তদস্থলে আল্লাহর বিধান প্রতিষ্ঠা করা প্রত্যেক নাবী-রসূল ও ঈমানদারগণের প্রধান দায়িত্ব।

وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَّسُولًا أَنِ اعْبُدُوا اللَّهَ وَاجْتَنِبُوا الطَّاغُوتَ

অর্থঃ প্রত্যেক উম্মতের মধ্যেই আমি রসূল পাঠিয়েছি এ দায়িত্ব দিয়ে যে, তোমরা একমাত্র আল্লাহর ইবাদত কর এবং সকল প্রকার ত্বাগুতকে বর্জন কর। (সূরা নাহল ১৬ ঃ ৩৬)

يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ

অর্থঃ তারা ত্বাগুতকে বিধান দানকারী বানাতে চায়। অথচ তাদের প্রতি নির্দেশ দেয়া হয়েছে, তারা যেন ত্বাগুতকে অমান্য করে। (সূরা নিসা ৪ ঃ ৬০)

যারা ত্বাগুতী নেতা-কর্মী ও সমর্থকদেরকে ত্বাগুতী রাজনীতি বর্জন করার নির্দেশ দেয়না; বরং গণতন্ত্র, রাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতাবাদ, জাতীয়তাবাদ ইত্যাদি ভ্রান্ত মতবাদে বহাল রেখেই নিজ নিজ জামাআ'তে অন্তর্ভূক্ত করে তাদেরকে সাথে নিয়ে সমাজ সংস্কার ও সমাজ বিপ্লব করে বেড়াচ্ছেন, জানিনা তাদের বিপ্লবোত্তর সমাজ কেমন হবে? রাষ্ট্রীয়ভাবে কি তাদের ইসলামী আইনের প্রয়োজন হবে না? অথচ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিজ হাতে গড়া সমাজের লোকদেরও চুরির দায়ে হাত কাটার জন্য এবং ব্যভিচারীকে পাথর মেরে হত্যা করার জন্য রাষ্ট্রীয় ক্ষমতার প্রয়োজন হয়েছিল। অতএব রাষ্ট্র ক্ষমতা হাতে না নিয়ে তারা কিভাবে আল্লাহর এ বিধানগুলো পালন করবেন?

৩. গণতান্ত্রিক পদ্ধতিঃ এ আকীদা গ্রহণকারীগণ গণতান্ত্রিক পদ্ধতিতে ক্ষমতায় গিয়ে দ্বীন কায়েম করতে চান। সে মতে তারা দেখতে পাচ্ছেন যে ক্ষমতায় যাওয়ার জন্য মেজোরিটি পার্সেন্ট ভোটের প্রয়োজন হয়। কাজেই ইসলামকে বাস্তবায়ন করতে হলে জাতি-ধর্ম নির্বিশেষে হিন্দু, মুসলিম, নাস্তিক, মুরতাদ সকলেরই সমর্থন নিতে হবে। অতএব আল কুরআনে বর্ণিত জিহাদের পদ্ধতি গ্রহণ করে বাতিল সরকার উৎখাতের প্রচেষ্টা চালানো যাবেনা। তাদের নিকট বর্তমান যুগে ভোট যুদ্ধই প্রকৃত ইসলামী যুদ্ধ এবং এ যুদ্ধে জয়লাভের মাধ্যমেই ইসলামকে রাষ্ট্রীয়ভাবে কায়েম করা সম্ভব।

এসব মতবাদে যারা বিশ্বাসী তাদের জানা দরকার যে, এ পদ্ধতিটি আদৌ কোন সুন্নাতী পদ্ধতি নয়; বরং নিঃসন্দেহে এটি একটি কুফরী পদ্ধতি। শিক্ষিত সমাজ অবগত আছেন যে, এ পদ্ধতিটি আল্লাহর নির্দেশিত বা রসূলের অনুমোদিত নয়; বরং এটা কাফের-মুশরিকদের তৈরী। আমেরিকার প্রেসিডেন্ট আব্রাহাম লিংকনকে এ পদ্ধতির জনক বলা হয়।

তাদের একটু চিন্তা করা দরকার, কুরআনে বর্ণিত পদ্ধতি পরিত্যাগ করে কাফের-মুশরিকদের তৈরী পদ্ধতি কিভাবে ইসলাম কায়েমের জন্য সহায়ক হবে? অথচ কাফেররা এ পদ্ধতিটি এ জন্যই তৈরী করেছে যাতে করে মুসলমানদের রাষ্ট্রীয় ক্ষমতায় আসা চিরতরে বন্ধ করা যায়। কাফেররা মুসলমানদের সাথে যুদ্ধ করে কোন দিনই বিজয়ী হতে পারেনি। কারণ মুসলমানগণ যুদ্ধ করে এই বিশ্বাস নিয়ে যে, এ পথে শহীদ হলে জান্নাত পাওয়া যাবে। আর কাফেররা যুদ্ধ করে এই মন মানসিকতা নিয়ে যে, মরে গেলে দুনিয়ার ভোগ বিলাস সব কিছুই হারাবে। তাই গবেষণা করে উদ্ভাবন করেছে ভোটের মাধ্যমে ক্ষমতায় যাওয়ার রক্তপাতহীন এক নতুন কৌশল।

কাফেররা বুঝতে পারে যে, এই গণতান্ত্রিক পদ্ধতিটি মুসলমানদের মধ্যে সংক্রামিত করতে পারলে ঈমানদার মুসলমানরা কখনো শাসন ক্ষমতায় যেতে পারবে না। এর ফলে পৃথিবী হতে ইসলামী শাসন বিলীন হয়ে যাবে, আর এটাই শয়তানের কামনা। এ জন্য জিন শয়তান এবং মানুষ শয়তান তাদের দেখানো ভ্রান্ত পথগুলো মুমিনদের মানসপটে সুন্দর রূপ দিয়ে উপস্থাপন করে এবং সেই পথে কাজ করার প্ররোচনা দেয়। এ ব্যাপারে আল্লাহ তা'আলা ঘোষণা করেন-

وَزَيَّنَ لَهُمُ الشَّيْطَانُ أَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيلِ فَهُمْ لَا يَهْتَدُونَ

অর্থঃ শয়তান তাদের দৃষ্টিতে তাদের কার্যাবলী সুশোভিত করে দিয়েছে। অতঃপর তাদেরকে সৎপথ থেকে নিবৃত্ত করে রেখেছে। অতএব তারা সৎপথ পায়না। (সূরা নামল ২৭ ঃ ২৪)

অনুরূপভাবে, কাফের-শয়তানরা ভোটের পদ্ধতি উদ্ভাবন করে দ্বীন কায়েমে আগ্রহী লোকদেরকে এভাবে বুঝাচ্ছে যে, যদি এই পদ্ধতিতে ধৈর্যের সাথে মেহনত করতে থাক, তবে বিনা রক্তপাতে তোমরাও একদিন ইসলামী শাসন কায়েম করতে পারবে। যেমন নাকি এই পদ্ধতিকে অবলম্বন করে জাতীয়তাবাদ, ধর্মনিরপেক্ষতাবাদ ইত্যাদি মতবাদ কায়েম হয়েছে। কাফেররা তাদের ভোটের পদ্ধতিটি এত সুন্দর করে তুলে ধরার আরেকটি কারণ এই যে, তারা এটা ভালো করেই জানে, শয়তানের দল সব সময়ই ভারী হবে। সুতরাং তাদের মতো বৃহৎ শয়তানদের ক্ষমতায় আসার জন্য এ পদ্ধতিটি অত্যন্ত ফলদায়ক। যারা পরিপূর্ণভাবে ইসলামী শাসন প্রতিষ্ঠা করতে চাইবে এ পদ্ধতি অবলম্বন করে তারা কখনও

ক্ষমতায় আসতে পারবে না। কেননা অধিকাংশ মানুষের কাছে ইসলামী অনুশাসন পছন্দ হয় না।

তবে হ্যাঁ ইসলামের নামেও ক্ষমতায় আসা যাবে। যদি হিকমতের দোহাই দিয়ে ইসলামী মূল্যবোধকে ছাড় দেয়া যায় আর দেশীয় ত্বাগুতদের সাথে শামিল হওয়া যায়, তাহলে ত্বাগুতী সংসদের এমপি/মন্ত্রীত্বও পাওয়া যাবে। কিন্তু শর্ত এই যে, ইংরেজ ত্বাগুতদের বিধানে রাষ্ট্র পরিচালনা করতে হবে এবং দেশী-বিদেশী কাফের-মুশরিকদেরকে বোঝাতে হবে যে আমরা মৌলবাদী কট্টরপন্থী নই; বরং আমরা বিশ্ব গণতন্ত্রায়নের পক্ষে, তাহলে এ পদ্ধতিতে রাষ্ট্র ক্ষমতায় আসা বৈচিত্র কিছু নয়। কেননা এদেশে ইসলামের নাম নিয়ে মুসলিম লীগও একদিন ক্ষমতায় এসেছিল। তারা মুসলমানদেরকে আলাদা আবাস ভূমির লোভ দেখিয়ে আল্লাহর আইন বাস্তবায়ন করার অঙ্গীকারও করেছিল। কিন্তু তাদের দ্বারা ইসলামী হুকুমত প্রতিষ্ঠা হয় নাই। কারণ তারা ইংরেজদের মনঃপুত গণতন্ত্রের ধারা অব্যাহত রেখে ক্ষমতায় এসেছিল। আজও সেই একই অবস্থার পুনরাবৃত্তি হচ্ছে। ইসলামের নামে গণতান্ত্রিক পন্থায় কোন দল যদি পূর্ণ সংখ্যাগরিষ্ঠতাও পায়, তবুও তারা আল্লাহর বিধান কায়েম করতে পারবেনা। কারণ চোরের হাত কাটতে গেলে, ব্যাভিচারীকে পাথর মেরে হত্যা করতে চাইলে গণতন্ত্রের ধারক বাহকরা বলবে, এগুলো মানবতা বিরোধী আইন। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে ইসলামী শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করতে চাইলে বলবে, এটা ব্যাকডেটেড শিক্ষাব্যবস্থা যা বর্তমান বিশ্বে অচল। সুদ ভিত্তিক অর্থ ব্যবস্থা গ্রহণ না করলে বলবে বিশ্বে তোমরা এক ঘরে হয়ে যাবে, তোমাদের উপর অর্থনৈতিক অবরোধ আরোপ করা হবে। রেডিও, টিভি, সিনেমা, পার্লার, বিপণী বিতান ও রাস্তাঘাটে অশ্লীলতা প্রতিরোধে ইসলামী আইন প্রয়োগ করতে চাইলে বলবে এরা ইসলামের নামে মানুষের ব্যক্তি স্বাধীনতায় হস্তক্ষেপ করছে। এদেরকে ক্ষমতা থেকে উৎখাত কর। এরা গণতন্ত্রের মাধ্যমে ক্ষমতায় এসে আবার গণতন্ত্র বিরোধী কাজ করতে চায়। তখন কি আপনাদের বিরুদ্ধে মিছিল-মিটিং, আন্দোলন, হরতাল, অবরোধ হবে না? কারণ এসব হচ্ছে বর্তমান বিশ্বে গণতান্ত্রিক অধিকার। আপনারা কি তখন বলতে পারবেন আল্লাহর আইনের বিরুদ্ধে কোন গণতান্ত্রিক অধিকারের আন্দোলন চলবে না? এমতাবস্থায় বিশ্ব গণতন্ত্রের মোড়লরা কি ইসলামী হুকুমত প্রতিষ্ঠা করার জন্য আপনাদেরকে সাহায্য করবে? আপনারা কি জানেন না! গণতন্ত্রের মাধ্যমে তারা Globalization বা বিশ্বায়নের নামে পৃথিবী হতে ইসলামের নাম নিশানা মুছে ফেলতে চায় এবং আমাদেরকে তাদের গণতন্ত্রের জালে আবদ্ধ করে তারা বিশ্বের সুপার পাওয়ার হতে চায়। আমরা কি আল্লাহর নির্দেশিত জিহাদ-কিতালের রাজনীতি ছেড়ে ইসলামের নামে গণতন্ত্রের রাজনীতি করে বিশ্ব গণতন্ত্রের বুর্যূয়াদেরকে সুপার পাওয়ার হওয়ার সুযোগ করে দেব?

মুসলমানগণ ভারতবর্ষ হতে ইংরেজদের শাসনের অবসান ঘটিয়ে তদস্থলে ইকামাতে দ্বীনের জন্য সশস্ত্র জিহাদের অবতারণা করেন। বিভিন্ন সময়ে যারা নেতৃত্ব দেন শাহ ওয়ালিউল্লাহ, সাইয়েদ আহমেদ ব্রেলভী, শাহ ইসমাঈল, এনায়েত আলী, বেলায়েত আলী, হাফেজ

তিতুমীর (রহঃ) সহ আরও অনেকে। অবশেষে ইংরেজরা যখন বুঝতে পারে যে, তাদের আর এদেশ শাসন করা সম্ভব হবে না, তখন মুসলমানদের মাঝে গণতন্ত্রের বীজ বপন করতে লাগল, যেন তারা চলে গেলেও তাদের রচিত সংবিধান এদেশে প্রতিষ্ঠিত থাকে। এ উদ্দেশ্যে কিছু সুবিধাবাদী মুসলমানকে তাদের অনুসারী বানায়। যারা জিহাদ কিতালের ধারা বন্ধ করে এদেশে গণতন্ত্রের ধারা চালু করে। এ কথা ভাবতেও অবাক লাগে তারা মুসলমান হয়ে কীভাবে কাফেরদের রচিত চক্রান্তের জালে পা দিল। অথচ আল্লাহ তা'আলা আমাদেরকে অধিকাংশ মানুষের সমর্থন নিয়ে ক্ষমতায় যাওয়ার এই গণতান্ত্রিক পদ্ধতি অবলম্বন করা থেকে বিশেষভাবে সতর্ক করেছেন-

وَإِنْ تُطِعْ أَكْثَرَ مَنْ فِي الْأَرْضِ يُضِلُّوكَ عَنْ سَبِيلِ اللَّهِ

অর্থঃ যদি তুমি পৃথিবীর অধিকাংশের মত অনুসরণ কর, তবে তারা তোমাকে আল্লাহর পথ হতে বিপথগামী করে দেবে। (সূরা আনআম ৬ ঃ ১১৬)

গণতান্ত্রিক পদ্ধতিতে যারা ইসলাম কায়েম করতে চান, তারা যদি গভীর দৃষ্টি দিয়ে কুরআন অধ্যয়ন করেন তবে দেখতে পাবেন, অধিকাংশ লোকই সত্যকে গ্রহণ করতে চায় না।

لَقَدْ جِئْنَاكُمْ بِالْحَقِّ وَلَٰكِنَّ أَكْثَرَكُمْ لِلْحَقِّ كَارِهُونَ

অর্থঃ আমি তোমাদের কাছে সত্য দ্বীন নিয়ে এসেছি কিন্তু তোমাদের অধিকাংশ লোকই সত্যকে অপছন্দ করে। (সূরা যুখরুফ ৪৩ ঃ ৭৮)

এরূপ কথা শুধু দু'এক জায়গায় নয় বরং কুরআন মাজীদের শুরু থেকে শেষ পর্যন্ত অধিকাংশ মানুষের পথভ্রষ্টতার দলীল পাওয়া যায়।

وَأَكْثَرُهُمْ فَاسِقُونَ

অর্থঃ তাদের অধিকাংশই ফাসেক। (সূরা তাওবাহ ৯ ঃ ৮)

وَمَا يُؤْمِنُ أَكْثَرُهُمْ بِاللَّهِ إِلَّا وَهُمْ مُشْرِكُونَ

অর্থঃ অধিকাংশ মানুষ আল্লাহর উপর ঈমান আনে, অথচ সাথে সাথে শির্‌কও করে। (সূরা ইউসুফ ১২ ঃ ১০৬)

بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ الْحَقَّ فَهُمْ مُعْرِضُونَ

অর্থঃ বরং তাদের অধিকাংশই সত্য জানে না, অতএব তারা টালবাহানা করে। (সূরা আম্বিয়া ২১ ঃ ২৪)

وَلَقَدْ ذَرَأْنَا لِجَهَنَّمَ كَثِيرًا مِنَ الْجِنِّ وَالْإِنْسِ لَهُمْ قُلُوبٌ لَا يَفْقَهُونَ بِهَا وَلَهُمْ أَعْيُنٌ لَا يُبْصِرُونَ

بِهَا وَلَهُمْ آذَانٌ لَا يَسْمَعُونَ بِهَا أُولَٰئِكَ كَالْأَنْعَامِ بَلْ هُمْ أَضَلُّ أُولَٰئِكَ هُمُ الْغَافِلُونَ

অর্থঃ অধিকাংশ জিন ও ইনসানকে আমি জাহান্নামের জন্য তৈরী করেছি। তাদের অন্তর রয়েছে তার দ্বারা বিবেচনা করে না, তাদের চোখ রয়েছে তার দ্বারা তারা দেখে না, আর তাদের কান রয়েছে তার দ্বারা শোনে না। তারা চতুষ্পদ জন্তুর মতো, বরং তাদের চেয়েও নিকৃষ্টতর। তারাই হলো গাফেল। (সূরা আরাফ ৭ ঃ ১৭৯)

তাহলে যদি অধিকাংশ লোকই নির্বোধ হওয়ার কারণে ইসলামী শাসনকে পছন্দ না করে, তবে গণতান্ত্রিক পন্থায় কিভাবে দ্বীন কায়েম হবে? তর্কের খাতিরে যদি স্বীকার করাও যায় যে, অধিকাংশের সমর্থন লাভ করে ক্ষমতায় গিয়ে দ্বীন কায়েম করা সম্ভব হবে, তারপরও গণতান্ত্রিক পন্থায় দ্বীন কায়েম করার অপরাধে আল্লাহর নিকট অবশ্যই জবাবদিহি করতে হবে। কারণ আল্লাহ তা'আলা তো দ্বীন কায়েমের জন্য একটি পদ্ধতি দিয়েছেন, তা পরিত্যাগ করে মানব রচিত কোন পদ্ধতিতে দ্বীন করার অনুমতি তিনি কাউকে দেননি। অতএব কাফেরদের তৈরী করা গণতান্ত্রিক পদ্ধতিতে আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন কায়েম করা কোন ক্রমেই বৈধ নয়।

ভোটের মাধ্যমে দ্বীন কায়েমে আগ্রহী লোকেরা কাফের-মুশরিকদের চক্রান্ত বুঝতে পারেনি, আসলে কাফেররা মুমিনদেরকে নিরস্ত্র করে তারা অস্ত্রে সমৃদ্ধ হতে চায়, যাতে একযুগে আক্রমণ চালিয়ে দুনিয়া হতে মুসলমানদেরকে নিশ্চিহ্ন করতে পারে। এ প্রসঙ্গে মহান আল্লাহ তা'আলা আমাদেরকে সতর্ক করে দিয়ে বলেন-

وَدَّ الَّذِينَ كَفَرُوا لَوْ تَغْفُلُونَ عَنْ أَسْلِحَتِكُمْ وَأَمْتِعَتِكُمْ فَيَمِيلُونَ عَلَيْكُمْ مَيْلَةً وَاحِدَةً

অর্থঃ কাফেররা চায় তোমরা তোমাদের অস্ত্র শস্ত্র ও মাল সামান হতে গাফেল থাক, যাতে (অসতর্ক মুহুর্তে) তারা একযোগে তোমাদের উপর আক্রমণ করতে পারে।

(সূরা নিসা ৪ ঃ ১০২)

দ্বীন কায়েমের জন্য অস্ত্র হাতে নিয়ে প্রশিক্ষণ নিলেই মুসলমানদেরকে সন্ত্রাসী, উগ্রপন্থী, মৌলবাদী আখ্যা দেয়া হয়। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সশস্ত্র জিহাদ করেছেন এজন্য কাফেররা তাঁকেও সন্ত্রাসী বলেছে। একবার বিশেষভাবে ভেবে দেখুন! মুমিনদের অস্ত্র ও প্রশিক্ষণ না থাকলে রাষ্ট্র ক্ষমতা পেলেও তারা কি সে ক্ষমতা ধরে রাখতে পারবে? দেশী-বিদেশী ইসলাম বিরোধী শক্তি আক্রমণ করে মুহূর্তের মধ্যেই সেই ক্ষমতা ছিনিয়ে নেবে। কিন্তু মুমিনরা প্রশিক্ষণ নিয়ে অস্ত্রে সজ্জিত থাকলে তারা ঈমান ও রাষ্ট্র হেফাজতে সশস্ত্র জিহাদে ঝাঁপিয়ে পড়তে পারবে। তাতে হয় শহীদ হবে নয়ত বিজয়ীর বেশে আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন কায়েম ও অক্ষুণ্ন রাখতে পারবে। আর এ

দ্বীন কায়েমের বিষয়টি জনগণের ইচ্ছা-অনিচ্ছা, চাওয়া-নাচাওয়ার উপর নির্ভর করেনা। এ প্রসঙ্গে আল্লাহ তা'আলা বলেন-

أَفَغَيْرَ دِيْنِ اللّٰهِ يَبْغُوْنَ وَلَهُ أَسْلَمَ مَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ طَوْعًا وَكَرْهًا

অর্থঃ তারা কি আল্লাহর দেয়া জীবন ব্যবস্থার পরিবর্তে অন্য জীবন ব্যবস্থা তালাশ করছে? অথচ আসমান ও জমিনে যা কিছু রয়েছে ইচ্ছায় হোক বা অনিচ্ছায় হোক সব তাঁরই অনুগত। (সূরা আল ইমরান ৩ ঃ ৮৩)

আসমান ও জমিনে সবই আল্লাহ তা'আলার অনুগত হলেও গণতন্ত্রের মাধ্যমে দ্বীন কায়েমে আগ্রহী লোকেরা তাঁর অনুগত হতে পারছেন না। কারণ তারা আল্লাহর দেয়া পদ্ধতিকে বাদ দিয়ে গণতান্ত্রিক পদ্ধতি গ্রহণ করেছেন। যার ফলে তারা কাফেরদের তৈরীকৃত সংবিধান অক্ষুণ্ন রাখার জন্য কুফরী বাক্য উচ্চারণ করতেও দ্বিধাবোধ করেন না।

এ প্রসঙ্গে আল্লাহ তা'আলা বলেন-

وَلَقَدْ قَالُوْا كَلِمَةَ الْكُفْرِ وَكَفَرُوْا بَعْدَ إِسْلَامِهِمْ

অর্থঃ অথচ নিঃসন্দেহে তারা কুফরী বাক্য বলেছে এবং মুসলমান হবার পর কুফরী করেছে। (সূরা তাওবাহ ৯ ঃ ৭৪)

তাই দেখা যাচ্ছে বর্তমানের এমপি ও মন্ত্রীবৃন্দ সংসদে গিয়ে মানব রচিত সংবিধান বাস্তবায়নের শপথ বাক্য উচ্চারণ করে কাফেরে পরিণত হচ্ছে।

ইমাম ইবনে তাইমিয়া (রহঃ) বলেনঃ "যে ব্যক্তি কুফরী বাক্য উচ্চারণ করল অথবা কুফরী কাজ করল তজ্জন্য সে কাফেরে পরিণত হলো, যদিও এ কথা বা কাজের দ্বারা তার কাফের হওয়ার উদ্দেশ্য না থাকে। কেননা কেউই কাফের হওয়ার ইচ্ছা পোষণ করে না, তবে আল্লাহ তা'আলা যাকে চান।"[১]

অতএব, যে ব্যক্তি দ্বীন কায়েমের উদ্দেশ্যে গণতান্ত্রিক প্রক্রিয়ায় সংসদ সদস্য নির্বাচিত হয়ে মানব রচিত সংবিধান বাস্তবায়নের শপথ গ্রহণ করল, সে ব্যক্তি সুস্পষ্ট কুফরী করল। এরপর ঐ ব্যক্তি যদি তার ভূল বুঝতে পেরে আল্লাহর নিকট তাওবা করে ক্ষমতা ছেড়ে দেয় এবং সশস্ত্র জিহাদের মাধ্যমে আল্লাহর আইন বাস্তবায়নের পদক্ষেপ নেয়, তবে আল্লাহ তা'আলা তাকে ক্ষমা করতে পারেন। কিন্তু তা না করে সংসদ সদস্য হিসেবে সে তার দায়িত্ব গ্রহণ করল এবং হিকমতের দোহাই দিয়ে মানব রচিত সংবিধানে রাষ্ট্র পরিচালনায় অংশ নিল এর ফলে সে শির্ক করল অর্থাৎ আল্লাহর শাসন কর্তৃত্বে মানুষের শাসন শরীক করল। অথচ আল্লাহ তা'আলা বলেন-

---

[১] 'শরীয়তের দৃষ্টিতে অজ্ঞতার ওজর' নামক গ্রন্থের ১৫৬ পৃষ্ঠা দ্রষ্টব্য প্রকাশনায়ঃ দারুন হামাযী রিয়াদ, সৌদি আরব।

وَلَا يُشْرِكُ فِي حُكْمِهِ أَحَدًا

অর্থঃ আল্লাহ তার শাসন কর্তৃত্বে কাউকে শরীক করেন না। (সূরা কাহাফ ১৮ ঃ ২৬)

গণতন্ত্রের পক্ষে দলীল দিতে গিয়ে কতিপয় ব্যক্তিবর্গ উমর, ওসমান ও আলী (রাঃ) এর আমীরুল মুমিনীন নির্বাচন পদ্ধতির প্রসঙ্গ টানেন। অথচ তাঁরা আমীর নির্বাচিত হয়েছিলেন কয়েকজন তাকওয়া সম্পন্ন ঈমানদারের পরামর্শের (শূরার) ভিত্তিতে। গণতান্ত্রিক পদ্ধতিতে শুধু কয়েকজন ঈমানদারের ভোটে নেতা নির্বাচিত হবে না; বরং এ পদ্ধতি অবলম্বন করলে জাতি, ধর্ম নির্বিশেষে সকলের নিকট ভোট চাইতে হবে কিন্তু মুসলিমদের নেতা নির্বাচনে কোন অমুসলিম রায় দিতে পারে না। অথচ গণতান্ত্রিক নিয়মে মুসলিম-অমুসলিম, ভাল-মন্দ, শিক্ষিত-অশিক্ষিত, ঈমানদার-বেঈমান, বিবেকবান-বোকাসহ দেশের সকল নাগরিকেরই ভোটাধিকার রয়েছে এবং এদের সবার ভোটের মান সমান। তাহলে গণতন্ত্রের সাথে ওমর, ওসমান ও আলী (রাঃ) এর আমীর নির্বাচিত হওয়ার সামঞ্জস্য কিভাবে হলো?

তাছাড়া আমাদের তো এখন আমীর নির্বাচনের প্রেক্ষাপট নয়; বরং এ দেশে এখন দ্বীন কায়েমের প্রেক্ষাপট। দ্বীন কায়েমের পদ্ধতি ও আমীর নির্বাচনের পদ্ধতি কখনও এক নয়। দ্বীন কায়েমের পদ্ধতি হচ্ছে কিতাল (সশস্ত্র জিহাদ) এবং আমীর নির্বাচনের পদ্ধতি হচ্ছে মুত্তাকীদের দ্বারা গঠিত শূরায়ী পদ্ধতি। সুতরাং এখন দেখতে হবে আমাদের দেশে দ্বীন কায়েম আছে কিনা, যদি তা না থাকে তাহলে আল্লাহর নির্দেশ ও রসূলের তরীকা অনুযায়ী কিতালী পদ্ধতিতে এ দেশে দ্বীন কায়েম করতে হবে। অতএব আমরা তো একথা বলছিনা যে, ইসলামী দলের আমীর নির্বাচন করার জন্য কিতাল শুরু করুন; বরং একথা বলছি যে, শুরায়ী পদ্ধতিতে আমীর নির্বাচন করে তারই নেতৃত্বে দ্বীন কায়েমের জন্য কিতাল করুন এবং এ কিতালই হচ্ছে দ্বীন কায়েমের একমাত্র পদ্ধতি।

কোন আমল কবুল হওয়ার শর্ত হলো তা আল্লাহর নির্দেশ ও রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর তরীকা অনুযায়ী হতে হবে, তা না হলে তার সমস্ত আমল বিনষ্ট হয়ে যাবে।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَلَا تُبْطِلُوا أَعْمَالَكُمْ

অর্থঃ হে মুমিনগণ আল্লাহ ও রসূলের অনুসরণ কর আর (এরূপ না করে) তোমাদের আমলগুলোকে বিনষ্ট কর না। (সূরা মুহাম্মদ ৪৭ ঃ ৩৩)

আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন-

مَنْ عَمِلَ عَمَلاً لَيْسَ عَلَيْهِ أَمْرُنَا فَهُوَ رَدٌّ

অর্থঃ যে কর্মের ব্যাপারে আমাদের (কুরআন-হাদীসে) নির্দেশ নেই তা প্রত্যাখ্যাত।[১]

---

[১] সহীহ মুসলিম ৪৩৮৫, ইফাবা হাঃ ৪৩৪৪, ইসে হাঃ ৪৩৪৪।

কোন কোন দলের নেতাগণ বলেন- গণতান্ত্রিক পদ্ধতিকে কুফরী পদ্ধতি হিসাবেই জানি কিন্তু আমরা তো এ পদ্ধতি কিছু দিনের জন্য গ্রহণ করেছি। এখন বিবেকবান ঈমানদারগণের নিকট প্রশ্ন, স্বেচ্ছায় জেনে বুঝে কিছু সময়ের জন্য কুফরী করা কি জায়েয আছে? আবার কেউ এ কুফরী পদ্ধতিকে হিকমত হিসেবে গ্রহণ করে থাকেন। তাই তারা কিতালকে ফরজ জেনেও তা বাদ দিয়ে গণতান্ত্রিক পন্থায় দ্বীন কায়েম করতে চাচ্ছেন এবং হিকমতের নাম করে কিতালের প্রশিক্ষণ নেয়া থেকে বিরত থাকছেন। তাই সশস্ত্র জিহাদের প্রশিক্ষণ পরিত্যাগ করা কি হিকমত? নাকি প্রকাশ্যে সম্ভব না হলে গোপনে প্রশিক্ষণ নেয়া হিকমত? কোন বিধর্মী এলাকায় বসবাসকারী মুসলমানের জন্য সলাত পড়া যদি বিপজ্জনক হয় তাহলে তা পরিত্যাগ করা কি হিকমত? নাকি প্রকাশ্যে পড়তে না পাড়লে গোপনে পড়া হিকমত?

যারা এ ধরণের হিকমতের কথা বলছেন তাদের নেতা কর্মীগণ কি সশস্ত্র জিহাদের প্রশিক্ষণ নিয়েছেন? বিগত কয়েক যুগে তাদের কতজন প্রশিক্ষণ প্রাপ্ত মুজাহিদ তৈরী হয়েছে? তারা কি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মতো দ্বীন কায়েমের জন্য সশস্ত্র জিহাদ করে শহীদ হতে চান?

وَالَّذِى نَفْسِى بِيَدِهِ لَوَدِدْتُ أَنِّى أُقْتَلُ فِى سَبِيْلِ اللهِ ثُمَّ أُحْيَا ثُمَّ أُقْتَلُ ثُمَّ أُحْيَا ثُمَّ أُقْتَلُ ثُمَّ أُحْيَا ثُمَّ أُقْتَلُ

অর্থঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন- ঐ সত্তার শপথ যার হাতে আমার জীবন। আমি কামনা করি আল্লাহর রাস্তায় সশস্ত্র জিহাদ করতে করতে যেন শহীদ হয়ে যাই। অতঃপর, আমাকে জীবিত করা হয়, পুনরায় শহীদ হয়ে যাই। আবার জীবিত করা হয়, পুনরায় শহীদ হয়ে যাই। আবার জীবিত করা হয়, পুনরায় শহীদ হয়ে যাই।[১]

রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যেভাবে দ্বীন কায়েমের জন্য সশস্ত্র জিহাদ করেছেন এবং এ পথেই বার বার শহীদ হতে চেয়েছেন। সেই পথ পরিত্যাগ করে যারা গণতন্তের পথ গ্রহণ করেছেন এবং এ পথেই যুগ যুগ ধরে কাজ করে যাচ্ছেন। তারা নিজেরাও সুস্পষ্ট গোমরাহীতে লিপ্ত রয়েছেন এবং ভবিষ্যত প্রজন্মকেও গোমরাহীর দিকে ঠেলে দিচ্ছেন।

৪. গণ-অভ্যুত্থানঃ অনেকে মনে করেন ইসলাম প্রতিষ্ঠার জন্য গণ-অভ্যুত্থান শরীয়তসম্মত। মিছিল-মিটিং করে, আইন অমান্য করে, গুলির মুখে অকাতরে প্রাণ বিসর্জন দিয়ে যে অভ্যুত্থান ঘটবে তা ইসলাম কায়েমের জন্য হবে পুরোপুরি উপযুক্ত।

---

[১] সহীহ বুখারী, কিতাবুল জিহাদ ২৭৯৭, ইফাবা হাঃ ২৬০১।

জানিনা যারা খাঁটি ইসলামের পক্ষে এরূপ গণ-অভ্যুত্থানের আকাশ কুসুম কল্পনা করেন, মস্তিষ্কের দিক থেকে তারা কতটা সুস্থ রয়েছেন। গণতান্ত্রিক পদ্ধতিতেই যদি ইসলাম কায়েম সম্ভব না হয়, তবে গণ-অভ্যুত্থান পদ্ধতিতে কিভাবে ইসলাম কায়েম হবে?

স্বপ্ন দেখতে কেউ নিষেধ করতে পারেনা, তবে জেগে উঠলে স্বপ্নের কোন দৃশ্যপটই আর বাস্তব থাকে না। গণ-অভ্যুত্থান ঘটানোর স্বপ্নের ঘোর কেটে গেলে দেখতে পাবেন বাস্তবতা কত কঠিন কারণ প্রকৃত দ্বীন কায়েম করার জন্য ফাসেক-বিদআ'তী ও মুনাফিক মুরতাদরা কখনও গণ-অভ্যুত্থান করতে পারে না। যে দ্বীন কায়েম হলে শিরক বিদআ'ত, গান-বাজনা, মদ-জুয়া, সুদ-ঘুষ, বেহায়াপনা-বেলেল্লাপনা, অশ্লীলতা-নগ্নতা, বিজ্ঞাপনের নামে নারী দেহ প্রদর্শনী, প্রগতির নামে নারী ভোগের নানা কৌশল ইত্যাদি সব বানচাল হয়ে যাবে। সেই দ্বীন কায়েমের জন্য তারা কখনো গণ-অভ্যুত্থান করতে পারেনা।

তবে কোন জাতীয় চেতনায় বা সাম্প্রদায়িক কর্তৃত্বের জন্য অথবা নিয়ম-শৃঙ্খলা ভাঙ্গার জন্য গণ-অভ্যুত্থান ঘটতে পারে। যেমন নাকি ইরানে শীয়ারা সুন্নীদের বিরুদ্ধে ঘটিয়েছিল। যার ফলে সেখানে অনেক সহীহ আমল আকীদাহ ধ্বংস হয়ে শীয়াঈ বাতিল আকীদার ভিত্তি মজবুত হয়েছে। তারা সকল উম্মাহাতুল মুমিনীন ও তিন খলিফাসহ অধিকাংশ সাহাবীদের কাফের আখ্যা দিয়েছে এবং কুরআনের পরিবর্তন সাধন, মুতা বিবাহ বৈধকরণ ইত্যাদি ইসলাম ধ্বংসকারী মতবাদ চালু করেছে। তাছারা এরূপ কোন নিরস্ত্র গণ-অভ্যুত্থানের দ্বারা দ্বীন কায়েমের পক্ষে ইসলামের কোন দলীল নেই। শরীয়ত সম্মতভাবে প্রশিক্ষণ না নিয়ে, যুদ্ধের জন্য প্রস্তুত না হয়ে বিনা অস্ত্রে হৈ-হুল্লোড় করে গণ-অভ্যুত্থানের নির্দেশ আল্লাহ তা'আলা দেন নাই।

অভ্যুত্থান যদি করতেই হয় তাহলে একদল যুবকের আমল আকীদা পরিশুদ্ধ করে তাদের দ্বারা সশস্ত্র অভ্যুত্থান করতে হবে। যেভাবে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদল সাহাবী তৈরী করে তাদের দ্বারা সশস্ত্র পন্থায় দ্বীন প্রতিষ্ঠা করেছিলেন। আর এ পদ্ধতিকে কুরআনের ভাষায় 'কিতাল' বলা হয়। দেশের প্রতিটি শহর-বন্দরে অলিতে-গলিতে ও গ্রাম-গঞ্জে নির্ভীক মুজাহিদীন গ্রুপ তৈরী করতে হবে। যাদের কাছে থাকবে উপযোগী অস্ত্র ও প্রয়োজনীয় প্রশিক্ষণ। তারা নিজেরা ইসলামের পূর্ণ অনুসারী হবে এবং সমাজ হতে ইসলাম ধ্বংসকারী মুরতাদদেরকে খতম করে সমাজের দায়িত্বভার হাতে তুলে নেবে। এভাবে অসি ও পেশী শক্তির বলে বলিয়ান হয়ে আল্লাহর উপর তাওয়াক্কুল করে সশস্ত্র জিহাদের মাধ্যমে রাষ্ট্রীয় ক্ষমতা হাতে নিয়ে দ্বীনকে প্রতিষ্ঠা করবে। এই ঝুঁকিপূর্ণ কাজে হয়তো অধিক সংখ্যক ব্যক্তিদের পাওয়া যাবে না।

কারণ ইসলামের জন্য চিরদিন অল্প সংখ্যক লোকই নিবেদিত থাকে। ইসলামের প্রারম্ভিক যুগে যেমন অল্প সংখ্যকের কুরবানীর দ্বারা দ্বীন কায়েম হয়েছিল, শেষ যুগেও অল্প সংখ্যক

ঈমানদারের আত্মত্যাগের দ্বারাই দ্বীন কায়েম হবে, ইনশাআল্লাহ। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন-

بَدَأَ الْإِسْلَامُ غَرِيْبًا وَسَيَعُوْدُ كَمَا بَدَأَ غَرِيْبًا فَطُوْبٰى لِلْغُرَبَاءِ

অর্থঃ অল্প সংখ্যকের দ্বারাই ইসলামের সূচনা হয়েছিল। অল্প সংখ্যকের দ্বারাই আবার ইসলাম প্রতিষ্ঠিত হবে। তাই সৌভাগ্য অল্প সংখ্যকদের জন্যই।[১]

অতএব আমাদের মনে রাখতে হবে সশস্ত্র ট্রেনিংয়ের মাধ্যমে জিহাদী কাফেলা তৈরী করা বাদ দিয়ে গণতন্ত্র, গণ-অভ্যুত্থানের মতো এসব পদ্ধতি দ্বারা ইসলাম কায়েমের জন্য আমরা যেন ব্যস্ত হয়ে না যাই এবং কুরআনের দেখানো রাস্তা ছাড়া অন্য কোন চাকচিক্যময় পথের উজ্জলতায় যেন মোহগ্রস্থ হয়ে না পড়ি।

দ্বীন কায়েমের সঠিক আকীদা হচ্ছে কিতালঃ

বর্তমানে আমাদের সমাজে দ্বীন কায়েমের জন্য উপরে উল্লেখিত চার ধরণের লোক দেখা যায়। কিন্তু কুরআন ও হাদীসে উক্ত আকীদাগুলোর সপক্ষে কোন দলীল প্রমাণ পাওয়া যায় না; বরং কুরআন ও হাদীসে এই দলীলই পাওয়া যায় যে, দ্বীন কায়েমের আকীদা হচ্ছে কিতালী পদ্ধতি। অতএব আমাদের আকীদা ও বিশ্বাস এটাই হওয়া উচিত যে, এই কিতালী পদ্ধতি ছাড়া অন্য কোন পদ্ধতিতে দ্বীন কায়েম সম্ভব নয়। দ্বীন কায়েমের পদ্ধতি সম্পর্কে আল্লাহ তা'আলা ইরশাদ করেন-

وَقَاتِلُوْهُمْ حَتّٰى لَا تَكُوْنَ فِتْنَةٌ وَّيَكُوْنَ الدِّيْنُ كُلُّهٗ لِلّٰهِ

অর্থঃ আর তাদের বিরুদ্ধে সশস্ত্র জিহাদ করতে থাক, যতক্ষণ না ফেৎনার অবসান হয় এবং আল্লাহর দ্বীন পূর্ণ প্রতিষ্ঠিত হয়। (সূরা আনফাল ৮ ঃ ৩৯)

এ আয়াত নাযিল হওয়ার পর থেকে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন সাধারণ দাওয়াত দেননি, দাওয়াতের সাথে সাথে অগ্রাহ্যকারীদের জন্য শাস্তিমূলক ব্যবস্থা (জিজিয়া প্রদান, নয়তো সশস্ত্র মুকাবেলার পথ) গ্রহণ করেছেন।

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজে অবিরাম সশস্ত্র জিহাদ করে আল্লাহর দ্বীন কায়েম করেছেন এবং কিয়ামত পর্যন্ত এ ভাবেই দ্বীন কায়েম হবে তার ভবিষ্যৎবাণী করেছেন।

---

[১] সহীহ মুসলিম ২৬৭, ইফাবা হাঃ ২৭০, ইসে হাঃ ২৮০।

لَنْ يَّبْرَحَ هٰذَا الدِّيْنُ قَائِمًا يُقَاتِلُ عَلَيْهِ عِصَابَةٌ مِّنَ الْمُسْلِمِيْنَ حَتّٰى تَقُوْمَ السَّاعَةُ

অর্থঃ চিরকাল এ দ্বীন কায়েম থাকবে এবং তা কায়েমের জন্য মুসলমানদের মধ্যে ছোট একটি দল কিয়ামত পর্যন্ত সশস্ত্র জিহাদ করে যাবে।[১]

দ্বীন কায়েমের জন্য এই একটি মাত্র পদ্ধতি আল্লাহ ও তাঁর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বর্ণনা করেছেন। এতদ্ভিন্ন অন্য কোন পদ্ধতি গ্রহণযোগ্য নয়।

কিতালী পদ্ধতিতে দ্বীন কায়েমের জন্য আল্লাহ তা'আলা তিন দফা কর্মসূচি গ্রহণ করতে বলেছেন। কর্মসূচীগুলো নিম্নরুপঃ

১ম দফাঃ تَحْرِيْضٌ উদ্বুদ্ধকরণ- কিতালের জন্য মুসলিম উম্মাহর মধ্যে অনুভূতি জাগ্রতকরণ এবং মুমিনদেরকে এ জন্য উদ্বুদ্ধ করা। এ প্রসঙ্গে আল্লাহ তা'আলা বলেন-

يَا أَيُّهَا النَّبِيُّ حَرِّضِ الْمُؤْمِنِيْنَ عَلَى الْقِتَالِ

অর্থঃ হে নাবী, আপনি মুমিনদেরকে কিতালের জন্য উদ্বুদ্ধ করুন। (সূরা আনফাল ৮ ঃ ৬৫)

فَقَاتِلْ فِي سَبِيْلِ اللهِ لاَ تُكَلَّفُ إِلاَّ نَفْسَكَ وَحَرِّضِ الْمُؤْمِنِيْنَ

অর্থঃ অতঃপর আল্লাহর রাস্তায় সশস্ত্র জিহাদ করতে থাকুন। আপনি নিজের সত্তা ব্যতীত অন্য কারোর জিম্মাদার নন। আর আপনি মুমিনদেরকে (সশস্ত্র জিহাদে) উদ্বুদ্ধ করতে থাকুন। (সূরা নিসা ৪ ঃ ৮৪)

إِنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ وَاعْلَمُوْا أَنَّ الْجَنَّةَ تَحْتَ ظِلَالِ السُّيُوْف

অর্থঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, জেনে রেখ, জান্নাত তরবারীর ছায়ার নিচে।[২]

২য় দফাঃ قُوَّةٌ শক্তি অর্জন ও প্রশিক্ষণ গ্রহণ- কিতালের পূর্বশর্ত হিসেবে আল্লাহ তা'আলা প্রশিক্ষণগ্রহণকে ফরজ করেছেন।

---

[১] সহীহ মুসলিম, ইসে. হাঃ ৪৮০১।

[২] সহীহ বুখারী ২৮১৮, ইফাবা হাঃ ২৬২০।

وَأَعِدُّوا لَهُمْ مَّا اسْتَطَعْتُمْ مِّنْ قُوَّةٍ وَمِنْ رِّبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ

অর্থঃ আর প্রস্তুত কর তাদের বিরুদ্ধে যুদ্ধের জন্য যা কিছু সংগ্রহ করতে পার নিজের শক্তি সামর্থের মধ্য থেকে এবং পালিত ঘোড়া থেকে, যেন প্রভাব পড়ে আল্লাহর শত্রুদের উপর এবং তোমাদের শত্রুদের উপর। (সূরা আনফাল ৮ ঃ ৬০)

وَلَوْ أَرَادُوا الْخُرُوجَ لَأَعَدُّوا لَهُ عُدَّةً

অর্থঃ আর যদি তারা যুদ্ধে বের হওয়ার সংকল্প নিত তবে অবশ্যই কিছু সরঞ্জাম প্রস্তুত করত। (সূরা তাওবাহ ৯ ঃ ৪৬)

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রশিক্ষণ বিহীন ক্বিতালে ঝাঁপিয়ে পড়ার জন্য তাঁর উম্মতদেরকে নির্দেশ দেন নাই। আরবগণ জাত যোদ্ধা হলেও রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে কিতালের জন্য বিশেষ ভাবে ট্রেনিং দিয়েছেন। খোলা বাজারে তীর চালানোর প্রতিযোগিতা এবং ঘোড়দৌড় প্রশিক্ষণ করিয়েছেন।

إِنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ سَابَقَ بَيْنَ الْخَيْلِ الَّتِيْ أُضْمِرَتْ مِنَ الْحَفْيَاءِ

وَكَانَ أَمَدُهَا ثَنِيَّةَ الْوَدَاعِ

অর্থঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যুদ্ধের জন্য প্রস্তুকৃত ঘোড়ার মাঝে প্রতিযোগিতা করিয়েছেন হাফিয়া নামক স্থান থেকে সানিয়্যাতুল বিদা পর্যন্ত।[১]

إِرْمُوْا بَنِيْ إِسْمَاعِيْلَ فَإِنَّ أَبَاكُمْ كَانَ رَامِيًا

অর্থঃ হে ইসমাঈলের বংশধর! তীরন্দাজী কর (অর্থাৎ তীর চালানোর প্রশিক্ষণ গ্রহণ কর), কেননা তোমাদের পূর্ব পুরুষ ভাল তীরন্দাজ ছিলেন।[২]

سَتُفْتَحُ عَلَيْكُمْ أَرَضُوْنَ وَيَكْفِيْكُمُ اللهُ فَلَا يَعْجِزُ أَحَدُكُمْ أَنْ يَّلْهُوَ بِأَسْهُمِهِ

অর্থঃ আল্লাহ তা'আলা তোমাদের জন্য বহু দেশ বিজয় করিয়ে দিবেন এবং তিনি তোমাদের জন্য যথেষ্ঠ। অতএব তোমাদের মধ্যে যেন কেউ তীর খেলা তথা জিহাদী প্রশিক্ষণ নিতে অপারগতা প্রকাশ না করে।[৩]

---

[১] সহীহ বুখারী ২৮৬৯, ইফাবা হাঃ ২৬৬৯, মুসলিম ৪৭৩৭, ইফাবা হাঃ ৪৬৯০, ইসে হাঃ ৪৬৯১।

[২] সহীহ বুখারী ২৮৯৯, ইফাবা হাঃ ২৬৯৬।

[৩] সহীহ মুসলিম, ইফাবা হাঃ ৪৭৯৪, ইসে হাঃ ৪৭৯৫।

একজন মুসলিমের জন্য বাজে খেলাধুলার প্রতিযোগিতা না করে বরং সশস্ত্র প্রশিক্ষণের প্রতিযোগিতা করা উচিত, যাতে করে সে এ বিদ্যায় পূর্ণ পারদর্শী হতে পারে এবং আল্লাহর শত্রুকে সহজেই পরাস্থ করে আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন কায়েমে অগ্রণী ভূমিকা রাখতে পারে। সাহাবীগণ মহানাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করেছিলেন। তাই তাদের নিকট প্রচুর পরিমাণে অস্ত্র না থাকলেও প্রশিক্ষণের কোন কমতি ছিল না।

কাজেই আমাদেরকে অবশ্যই প্রশিক্ষণ নিতে হবে। প্রকাশ্যে প্রশিক্ষণ নিতে না পারলে আল্লাহর নির্দেশ পালনার্থে গোপনে হলেও প্রশিক্ষণ নিতে হবে। এ দেশে গোপনে যতটুকু সম্ভব তাতো নিতেই হবে, এ জন্য যদি বিদেশে গিয়ে প্রশিক্ষণ নেয়ার প্রয়োজন হয়, তাও যেতে হবে। অতএব প্রশিক্ষণ ও প্রস্তুতি নিয়ে সুপরিকল্পিতভাবে ক্বিতালে নামতে হবে।

৩য় দফাঃ قِتَالٌ فِي سَبِيلِ اللهِ সশস্ত্র জিহাদের জন্য ময়দানে ঝাঁপিয়ে পড়া-

এ ব্যাপারে আল্লাহ তা'আলা বলেন-

فَلْيُقَاتِلْ فِي سَبِيلِ اللهِ الَّذِينَ يَشْرُونَ الْحَيَاةَ الدُّنْيَا بِالآخِرَةِ

অর্থঃ যারা আখিরাতের বিনিময়ে দুনিয়ার জীবনকে বিক্রি করে দিয়েছে, আল্লাহর রাহে তাদের সশস্ত্র জিহাদে ঝাঁপিয়ে পড়া তাদের কর্তব্য। (সূরা নিসা ৪ ঃ ৭৪)

انْفِرُوا خِفَافًا وَثِقَالًا وَجَاهِدُوا بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ فِي سَبِيلِ اللهِ ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ

অর্থঃ তোমরা বের হয়ে পড় স্বল্প বা প্রচুর সরঞ্জামের সাথে এবং জিহাদ কর আল্লাহর পথে নিজেদের মাল ও জান দিয়ে; এটি তোমাদের জন্য অতি উত্তম, যদি তোমরা বুঝতে পার। (সূরা তাওবাহ ৯ ঃ ৪১)

وَقَاتِلُوا الْمُشْرِكِينَ كَافَّةً كَمَا يُقَاتِلُونَكُمْ كَافَّةً وَاعْلَمُوا أَنَّ اللهَ مَعَ الْمُتَّقِينَ

অর্থঃ আর মুশরিকদের বিরুদ্ধে তোমরা সকলে মিলে কিতাল কর সর্বাবস্থায়, আর মনে রেখ আল্লাহ তা'আলা মুত্তাকীদের সাথে রয়েছেন। (সূরা তাওবাহ ৯ ঃ ৩৬)

আল্লাহ তা'আলা তাঁর অল্প সংখ্যক বান্দাকে সশস্ত্র জিহাদের মাধ্যমে অধিক সংখ্যকের উপর বিজয়ী করেন।

كَمْ مِّنْ فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللهِ

অর্থঃ সামান্য দলই বিরাট দলের মোকাবেলায় জয়ী হয়েছে আল্লাহর হুকুমে। (সূরা বাকারাহ ২ ঃ ২৪৯)

بَلٰى إِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا وَيَأْتُوْكُمْ مِّنْ فَوْرِهِمْ هٰذَا يُمْدِدْكُمْ رَبُّكُمْ بِخَمْسَةِ آلَافٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُسَوِّمِيْنَ

অর্থঃ নিশ্চয়ই তোমরা যদি ধৈর্য্যধারণ কর এবং আল্লাহ তা'আলাকে ভয় কর তবে যে মূহুর্তে শত্রুগণ তোমাদের উপর চরাও হবে ঠিক সেই মূহুর্তে তোমাদের রব পাঁচ হাজার চিহ্নিত ফেরেশতা দ্বারা তোমাদের সাহায্য করবেন। (সূরা আল ইমরান ৩ ঃ ১২৫)

কিতাল কি সমূলে ধ্বংস হয়ে যাওয়ার পথ?

কতিপয় লোকের ধারণা কিতাল বা সশস্ত্র জিহাদে নামলে ইসলামী আন্দোলনের ধারা স্তব্ধ হয়ে যাবে। তাদের বক্তব্য হলো, এ পদ্ধতি অবলম্বন করা মানেই দলবলসহ সমূলে ধ্বংস হয়ে যাওয়া এবং তারা এ কথাও বলে যে, আমরা কি আর আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সাহাবীদের মতো মজবুত ঈমানদার হতে পেরেছি, যার ফলে সশস্ত্র জিহাদে ঝাঁপিয়ে পড়তে পারি?

যারা এরূপ কথাবার্তা বলেন তাদের ইসলামী জ্ঞানের প্রতি করুণা হয়। তারা এতটুকুও বুঝেন না যে, আল্লাহর পক্ষ থেকে যে নির্দেশ আসে তা পালন করা সবার উপর ফরজ হয়ে যায়। আল্লাহর বিধানকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সাহাবীগণ যে নিয়ম ও পদ্ধতিতে পালন করেছেন, সেই নিয়ম ও পদ্ধতিতে পালন না করে কেউ মুক্তি পেতে পারে না। মহানাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞাসা করা হয়েছিল ইয়া রসূলুল্লাহ! মুক্তি প্রাপ্ত দল কোনটি? তদুত্তরে তিনি বলেছিলেন-

مَا أَنَا عَلَيْهِ وَأَصْحَابِيْ

অর্থঃ আমি ও আমার সাহাবীরা যে নীতি ও আদর্শের উপর আছি, এর উপর যারা থাকবে তারাই মুক্তিপ্রাপ্ত দল।[১]

